

## ১। স্বাগত বক্তব্য।

➤ হেমন্তের এই সুন্দর সকালে আমাদের গৌরবময় মহান  
স্বাধীনতাযুদ্ধে প্রথম স্বাধীন মুক্তাঞ্চল যশোরে অবস্থিত  
৫৫ পদাতিক ডিভিশন কর্তৃক আয়োজিত ৮ ও ১২ ফিল্ড  
রেজিমেন্ট আর্টিলারি, ৩৬ এডি রেজিমেন্ট আর্টিলারি,  
৩ ইঞ্জিনিয়ার ব্যাটালিয়ন এবং ১ সিগন্যাল ব্যাটালিয়ন এর  
রেজিমেন্টাল কালার প্রদান অনুষ্ঠানে উপস্থিত থাকতে  
পেরে আমি অত্যন্ত আনন্দিত ও গর্বিত।

➤ এই মহতী অনুষ্ঠানে উপস্থিত সকলকে জানাই আমার  
প্রাণচালা অভিনন্দন ও শুভেচ্ছা। এই অনুষ্ঠানে আমাকে  
আমন্ত্রণ জানানোর জন্য জিওসি, ৫৫ পদাতিক ডিভিশন  
এবং এরিয়া কমান্ডার যশোরসহ সংশ্লিষ্ট ব্রিগেড কমান্ডার,  
অধিনায়ক এবং সকল সদস্যদের জানাই আন্তরিক  
ধন্যবাদ।